JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো শেলফিস পুনরুদ্ধার প্রচেষ্টার মাইলফলক হিসাবে বেলপোর্ট উপকূল অভয়ারণ্য সম্প্রসারণের মধ্য-বিন্দু ঘোষণা করেছেন

লং আইল্যান্ডের উপকূলীয় জলের উন্নয়ন সাধন করে স্থানীয় শেলফিশ পুনরুদ্ধারের লক্ষ্যে অঙ্গরাজ্যের 10.4 মিলিয়ন ডলারের পাঁচটি অভয়ারণ্যের একটি হল বেলপোর্ট উপকূল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ লক্ষ লক্ষ স্থানীয় শেলফিশ রক্ষায় পরিকল্পিত একটি গুরুত্বপূর্ণ মাইলফলক ঘোষণা করেছেন যা গুরুত্বপূর্ণ সমুদ্রিক পরিবেশ পুনরুদ্ধার, পানির গুণমান উন্নয়ন, স্থানীয় মৎস্য শিকার শিল্পকে সহায়তা প্রদান এবং শক্তিশালী উপকূল রেখা নির্মাণে সহায়তা করছে। নতুন বেলপোর্ট উপকূল শেলফিশ অভয়ারণ্যের জন্য পরিকল্পিত আনুমানিক 1.6 মিলিয়ন প্রাপ্তবয়স্ক ঝিনুক সংরক্ষণ করা হয়েছে এবং গভর্নরের 10.4 মিলিয়ন ডলারের শেলফিশ পুনরুদ্ধারের উদ্যোগের জন্য অতিরিক্ত অগ্রগতির কাজ বাস্তবায়িত হচ্ছে যা লং আইল্যান্ডের উপকূলীয় কমিউনিটিগুলোর উপকারে আসছে। 2017 সালে লং আইল্যান্ড শেলফিশ পুনরুদ্ধার প্রকল্প (Long Island Shellfish Restoration Project, LISRP) ঘোষণা করা হয়।

"এই গ্রহের পরিবেশ সত্যিকারের সমস্যায় রয়েছে। আমরা সারা অঙ্গরাজ্য জুড়ে, সারা দেশ জুড়ে এবং সারা বিশ্ব জুড়ে তা দেখতে পাচ্ছি: আরও বন্যা, আরও অগ্নিকাণ্ড, আরও চরম আবহাওয়া", **গভর্নর কুওমো বলেন।** "কিছু লোক চোখ ঘুরিয়ে রাখে, তবে আমি বিশ্বাস করি যে আপনি কোনো সমস্যার কথা অস্বীকার করলে তা কখনো সমাধান করতে পারবেন না। কঠোর বাস্তবতা হল জলবায়ুর পরিবর্তন একটি বাস্তব বিষয় এবং তা এখানে ঘটছে, এবং জলবায়ুর পরিবর্তন মোকাবেলার জন্য দেশের অন্য যে কোনো অঙ্গরাজ্যের চেয়ে এই অঙ্গরাজ্য বেশি কাজ করছে। প্রকৃতি মায়ের ছিল সেরা জল পরিস্রাবণ ব্যবস্থা, ঝিনুক এবং গুগলি, কিন্তু আমরা সেসব নিশ্চিহ্ন করে দিয়েছি। আমরা এখন সেই প্রাকৃতিক জল পরিস্রাবণ ব্যবস্থা পুনরুদ্ধার করছি, তবে আমরা এটি আগের যেকোনো সময়ের তুলনায় ব্যাপক পরিসরে তা করছি এবং এটি অবস্থার পরিবর্তন ঘটাতে যাচ্ছে।"

কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension, CCE), স্টোনি ব্রুক বিশ্ববিদ্যালয় (Stony Brook University), পৌরসভা ও স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের সহযোগিতায় অঙ্গরাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) গভর্নরের লং আইল্যান্ড শেলফিশ পুনরুদ্ধার প্রকল্প (LISRP) পরিচালনার দায়িত্বে রয়েছে। 10.4 মিলিয়ন ডলারের এই উদ্যোগের মাধ্যমে শেলফিশের পাঁচটি আশ্রয়স্থল প্রতিষ্ঠা করা হবে, যেখানে পানির সর্বোচ্চ গুণগত মান রক্ষা এবং শেলফিশের পরিমাণ বৃদ্ধির কাজে সহায়তার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রয়োজনীয় ঘনত্বের অল্পবয়স্ক এবং প্রাপ্তবয়স্ক শেলফিশ অবমুক্ত করা হবে।

পানির গুণমানের উন্নয়ন, ক্ষতিকারক শেত্তলার বৃদ্ধি হ্রাস, শেলফিশের সংখ্যা পুনরুদ্ধার এবং উপকূলীয় জলে জীববৈচিত্র্য বৃদ্ধির লক্ষ্যে LISRP এর পরিকল্পিত পাঁচটি শেলফিশ আশ্রয়স্থলের একটি হল বেলপোর্ট উপকূল শেলফিশ অভয়ারণ্য। ব্রুকহ্যাভেন শহরের লং আইল্যান্ডের দক্ষিণ তীরে অবস্থিত এই অভয়ারণ্য অল্পবয়স্ক এবং প্রাপ্তবয়স্ক শেলফিশ লালনের জন্য বেলপোর্ট উপকূলের প্রায় 141 একর এলাকা গঠিত।

লং আইল্যান্ড শেলফিশ পুনরুদ্ধার প্রকল্পের একটি নকশা রয়েছে এখানে এবং নিউইয়র্কের কৃত্তিম প্রবালপ্রাচীর সম্প্রসারণের একটি নকশা রয়েছে এখানে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার, বেসিল সেগোস বলেন, "বেলপোর্ট উপকূলে গভর্নর কুওমো'র অভয়ারণ্য উদ্যোগের মাধ্যমে পানির গুণমান রক্ষা, আবাস সুরক্ষা, উপকূলীয় স্থিতিশীলতা, এবং মৎস্য শিল্পকে সুবিধা প্রদানের লক্ষ্য বাস্তবায়নে নিউইয়র্ক অঙ্গরাজ্য উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করছে। লং আইল্যান্ডে আরও লক্ষ লক্ষ শেলফিশ অবমুক্ত করতে এবং চারটি অতিরিক্ত অভয়ারণ্য প্রতিষ্ঠার লক্ষ্যে আমরা আমাদের অংশীদারদের সাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

সিনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Senate Environmental Conservation Committee)-এর সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন, "ভবিষ্যত প্রজন্মের জন্য আমাদের মহাসাগর সংরক্ষণ ও সুরক্ষার লক্ষ্যে অত্যাধুনিক গবেষণার ক্ষেত্রে এই অব্যাহত বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ। লং আইল্যান্ডের জল পরিস্কার করার ক্ষেত্রে দৃঢ় অঙ্গীকারের জন্য আমি নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগ এবং গভর্নরের অফিসের প্রশংসা করি।"

সিনেটর মনিকা মার্টিনেজ বলেন, "আমরা স্থানীয়ভাবে এবং বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের বিধ্বংসী প্রভাবের মুখোমুখি হওয়ার প্রেক্ষিতে অত্যন্ত বিলম্ব হওয়ার আগেই এই সমস্যার সমাধান করা আমাদের জন্য আবশ্যক। লং আইল্যান্ড উপকূলীয় অঞ্চল হওয়ায় আমাদের উপকূল এবং আমাদের জলমানের সুরক্ষা করাটা আমাদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আজ আমরা প্রাথমিকভাবে এই প্রত্যাশা নিয়ে আমাদের পানিতে 773,201 সংখ্যক প্রাপ্তবয়স্ক ঝিনুক অবমুক্ত করেছি যে এগুলো আমাদের জলের ক্ষতিকারক রাসায়নিক হ্রাসে সহায়তা করবে; লং আইল্যান্ডের মূল্যবান উপকূল রেখা এবং পানির মান বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

সংসদ সদস্য জোসেফ ডি স্টিফানো বলেন, "লং আইল্যান্ড এবং এর সুন্দর সামুদ্রিক পরিবেশ নিউইয়র্কের একটি সম্পদ। এই এলাকার বাস্তুতন্ত্র এবং তা থেকে প্রাপ্ত প্রাকৃতিক সম্পদ সুরক্ষা ও সংরক্ষ করার পদক্ষেপ গ্রহণ করাটা এখানকার ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ। গভর্নর কুওমো, নিউইয়র্ক অঙ্গরাজ্য এবং কিছু সাগর ক্রিটারের সহায়তায় সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং এসব প্রচেষ্টার জন্য আমরা তাদেরকে অনেক ধন্যবাদ জানাই।"

নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কারান বলেন, "লং আইল্যান্ডের পানির গুণমান এবং আমাদের সামুদ্রিক আবাসের স্থিতিশীলতা রক্ষা করা গুরুত্বপূর্ণ - এবং ঠিক সেটাই করার জন্য

গভর্নর কুওমো'র নেতৃত্বের প্রতি ধন্যবাদ। সামুদ্রিক পরিবেশ এবং সেটার উপর নির্ভরশীল মৎস্য শিকার উভয়ের সুরক্ষার জন্য আমরা আমাদের অঙ্গীকার অব্যাহত রাখব।"

ব্রুকহ্যাভেন শহরের সুপারভাইজার এড রোমেইন বলেন, "ব্রুকহ্যাভেন শহর আমাদের গুগলি এবং ঝিনুক পুনরুদ্ধার কর্মসূচির ব্যাপারে খুব সক্রিয় এবং আমি এর আরও সম্প্রসারণে অঙ্গরাজ্যের প্রচেষ্টাকে স্বাগত জানাই। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবেশ বিষয়ক প্রকল্প যা উপসাগরে আবারও ঝিনুকের সংখ্যা বাড়াবে এবং পানি পরিষ্কার রাখতে সহায়তা করবে। আমি জলপথের স্বাভাবিক অবস্থা সৃষ্টির বিষয়টিতে প্রশাসনের অগ্রাধিকার প্রদানের জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

প্রত্যয়িত জলে জন্মানো প্রায় 773,200 সংখ্যক ঝিনুক ইতোমধ্যেই অভয়ারণ্যে অবমুক্ত করা হয়েছে। আবহাওয়ার অবস্থার উপর নির্ভর করে উপসাগরে অবমুক্ত করার জন্য মে থেকে নভেম্বর পর্যন্ত প্রতিদিন 45,000 পর্যন্ত প্রাপ্তবয়স্ক ঝিনুকের চালান স্কোয়াসাক্স ল্যান্ডিং মারিনা ক্যাপ্ট্রি ক্ল্যাম কর্পোরেশনে (Captree Clam, Inc.) সরবরাহ করা হয়। উপরন্তু, প্রায় 62 মিলিয়ন অল্পবয়স্ক শেলফিশ - 50 মিলিয়ন ঝিনুক এবং সাফোক কাউন্টি'র কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশান শেলফিশ হ্যাচারিতে উৎপাদিত 12 মিলিয়ন স্প্যাট-অন-শেল অয়েস্টার বেলপোর্ট উপসাগর অভয়ারণ্যে অবমুক্ত করা হবে।

বেলপোর্ট উপসাগর ছাড়াও, হানটিংটন পোতাশ্রয়, শিনেকক উপসাগর, সাউথ অয়েস্টার উপসাগর এবং হেমস্টিড উপসাগরে চারটি অভয়ারণ্য গড়ে তোলা হচ্ছে। প্রতিটি জলাধারের নির্দিষ্ট লক্ষ্য পূরণের উদ্দেশ্যে প্রণীত অবমুক্ত করার পরিকল্পনা অনুযায়ী 89 মিলিয়ন পর্যন্ত অল্পবয়স্ক শেলফিশ (53 মিলিয়ন ঝিনুক এবং 36 মিলিয়ন স্পট-অন-শেল অয়েস্টার) এবং পাঁচ মিলিয়নেরও বেশি স্থানীয়ভাবে উৎপাদিত প্রাপ্ত প্রাপ্তবয়স্ক ঝিনুক এসব অভয়ারণ্যে অবমুক্ত করা হবে। শেলফিশের বেঁচে থাকা ও বৃদ্ধি এবং পানির গুণমানের উন্নয়ন নির্ধারণের জন্য পাঁচ বছরের জন্য অভয়ারণ্যগুলি সক্রিয়ভাবে পর্যবেক্ষণের উদ্দেশ্যে DEC স্টোনি ব্রুক বিশ্ববিদ্যালয়ের সাথে কাজ করছে।

এই পুনরুদ্ধার প্রকল্প শেলফিশের বৃদ্ধি, বেঁচে থাকা এবং জন্মদানে সাফল্য অর্জন, এবং পানির গুণমান, ফাইটোপ্ল্যাঙ্কটনের ক্রিয়াকলাপ এবং পরিস্রাবণ এবং নাইট্রোজেন চক্রের সক্রিয়তা ও অপসারণের উপর প্রভাব পর্যবেক্ষণ সংক্রান্ত জৈবিক এবং পরিবেশগত তথ্য প্রাপ্তির এক অনন্য সুযোগ সৃষ্টি করে। প্রকল্পের ফলাফল লং আইল্যান্ডের ভবিষ্যত পুনরুদ্ধারের প্রচেষ্টার সাফল্যের লক্ষ্যে দিক নির্দেশনা দেবে এবং তাতে সহায়তা করবে।

এই প্রাকৃতিক সম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে LISRP ব্রুকহ্যাভেন, ইস্ট হ্যাম্পটন, ইসলিপ ও হেমস্টিড শহরের সরকারি শেলফিশ হ্যাচারিগুলির সম্প্রসারণ বা উন্নয়ন এবং সাউথল্ডের সিডার সৈকতে নতুন করে সাফোক কাউন্টি CCE শেলফিশ হ্যাচারি নির্মাণে সহায়তা প্রদান করছে। CCE সাউথল্ড হ্যাচারির কার্যক্রম বর্তমানে চলমান এবং প্রায় 151 মিলিয়ন অল্পবয়স্ক শেলফিশ উৎপাদনে এবং অবমুক্ত করার প্রচেষ্টার পরিকল্পনায় এটি এক গুরুত্বপূর্ণ সম্পদ হবে। শহরের চারটি শেলফিশ হ্যাচারি পরবর্তী পাঁচ বছরে অভয়ারণ্যগুলিতে অবমুক্ত করার জন্য অতিরিক্ত 44 মিলিয়ন অল্পবয়স্ক শেলফিশ উৎপাদন করবে।

পানির গুণমান উন্নয়ন, গুরুত্বপূর্ণ সামুদ্রিক সম্পদ রক্ষা এবং স্থানীয় অর্থনীতিতে গতি সঞ্চারে এই উদ্যোগ চলমান কয়েকটি উদ্যোগের একটি মাত্র। গভর্নর বিশুদ্ধ পানির অবকাঠামোর জন্য 3 বিলিয়ন ডলার; বে পার্ক বর্জ্য পানি শোধন কেন্দ্র মেরামত ও পোক্ত করায় ৪00 মিলিয়ন ডলার; বে পার্কের ময়লা জল ওয়েস্টার্ন বে থেকে সিডার ক্রিকের মোহানায় সরিয়ে নিতে 354 মিলিয়ন ডলার; এবং লং আইল্যান্ডের বাদামী জোয়ার হ্রাস করতে নিউইয়র্ক সাগর অনুদান কর্মসূচিতে 2 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করছেন। এছাড়াও তিনি টোপ হিসাবে ব্যবহৃত গুরুত্বপূর্ণ মাছ মেনহডেনকে রক্ষা করার জন্য নতুন আইনে স্বাক্ষর করেছেন, নিউইয়র্কের উপকূল রেখা বরাবর অফ-শোর ড্রিলিং নিষিদ্ধ করেছেন; এবং আরও শক্তিশালী ও বৈচিত্র্যপূর্ণ সামুদ্রিক বাস্তুতন্ত্র বিকাশ এবং নিউইয়র্কের উপকূলে মাছ এবং অন্যান্য সামুদ্রিক প্রাণিকে আশ্রয় প্রদানের জন্য অঙ্গরাজ্যের কৃত্রিম প্রবালপ্রাচীর কর্মসূচির বৃহত্তম সম্প্রসারণের কাজ এগিয়ে নিয়েছেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন